সিইপিআই প্রকল্পের প্রকাশনা
জানুয়ারি ২০২২ ॥ সংখ্যা-৩৩
চতুর্থ বছর

অধিকার বার্তা

COAST Foundation
participates in survival strategies of coastal poor

জন অংশগ্রহণ | স্বচ্ছতা ও জবাবদিহিতা | বঞ্চিতদের অধিকার

কোস্ট ফাউন্ডেশন, জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছে। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় ও এর্ফসিডিওর আর্থিক সহায়তায় সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও লালমোহন উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা ও সেবার ক্ষেত্র সৃষ্টি করা।

স্থানীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নে অগ্রাধিকারভিত্তিক প্রকৃত হত-দরিদ্রদের তালিকা তৈরি করনে নাগরিক ফোরামের আহবান

স্থানীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তা সেবার সার্বিক চিত্র ও সুপারিশসমূহ তুলে ধরতে জেলা নাগরিক ফোরাম ভোলা'র উদ্যোগে২২ ডিসেম্বর'২১ বিকাল ৩.০০ টায়, জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা পরিসেবার মানোন্নয়নে নাগরিক সংলাপে বক্তারা স্থাণীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুষ্ঠ বাস্ড়বায়নে অগ্রাধিকারভিত্তিক প্রকৃত হত-দরিদ্রদের তালিকা তৈরির প্রতি গুরুত্ব দেয়ার আহবান জানান। তারা

নাগরিক সংলাপে বক্তব্য রাখছেন মোঃ তৌফিক-ই-লাহী চৌধুরী, জেলা প্রশাসক, ভোলা। ছবি: রাজিব ঘোষ- প্রকল্প কর্মকর্তা

আরো বলেন সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচির উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নিয়ম অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক বাছাই কমিটিগুলো গঠন করার কথা থাকলেও অনেক ক্ষেত্রেই তা হচ্ছে না। কমিটি গঠনের সময় ব্যক্তিগত পছন্দ ও অপছন্দের অধিভুক্তি প্রাধান্য পাওয়ায় সামাজিক সুরক্ষা কর্মসূচির উপকারভোগী বাছাই প্রক্রিয়া পক্ষপাতদুষ্ট হচ্ছে ফলে যোগ্য পরিবারগুলো বাদ পড়ছে তাদের প্রাপ্য পরিষেবা থেকে। সামাজিক নিরাপত্তা সেবার মান উন্নয়নের ক্ষেত্রে কিছু পদ্ধতিগত বিষয়কে গুরুত্ব দিয়ে স্থানীয় প্রতিবন্ধকতা সমূহ দূর করতে পারলে এর মান অধিকতর শক্তিশালী করে তোলা সম্ভব বলে মতামত দিয়েছেন অংশগ্রহণকরীরা।

উক্ত সংলাপে প্রধান অতিথির বক্তব্যে মোঃ তৌফিক-ই-লাহী চৌধুরী, জেলা প্রশাসক, বলেন আমরা বিশ্বাষ করি, স্থানীয় পর্যায়ের সীমাবদ্ধতা সমূহ কাটিয়ে উঠতে এবং সামাজিক নিরাপত্তা কর্মসূচী সেবার মান বৃদ্ধিতে সকলের সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজন বিশেষ করে সরকারী কর্মকর্তা-কর্মচারী, স্থানীয় সরকারের জনপ্রতিনিধি এবং নাগরিকদের সমন্বয় অত্যন্ত জরুরি । জনগণের মধ্যে সচেতনতা বাড়াতে নাগরিক ফোরামের উদ্যোগ সত্যিই প্রশংসনীয়, এই ধরনের উদ্যোগ সরকারের উদ্দেশ্য বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

টেকসই উন্নয়নে স্থানীয় সরকার কার্যকর করনে স্থানীয় সরকার জাতীয় কনভেনশন ২০২১

মানুষের জন্য ফাউন্ডেশন এর আয়োজনে কার্যকর স্থানীয় সরকার জাতীয় কনভেনশন২০২১ উপলক্ষ্যে কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে ভোলা জেলার প্রত্যন্ত অঞ্চল হতে অংশগ্রহণ করেন লালমোহন উপজেলার লর্ডহাডিঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কাসেম মিয়া। তিনি জন অংশগ্রহণ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের স্বচ্চতা ও জবাবদিহিতা বিষয়ের উপর ডায়লগ অধিবেশনে অংশগ্রহণ করেন ।অংশগ্রহণকারিদের মধ্যে তিনি চেয়ারম্যান যে সকল প্রস্তাবনা সকলের সামনে তুলে ধরেন বলেন ইউনিয়ন পরিষদ গুলিতে সম্পদের পরিমান কম,ইমারত নিমার্ণের ক্ষেত্রে

বক্তব্য রাখছেন আবুল কাসেম মিয়া, চেয়ারম্যান, ৯নং লর্ডহার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ, লালমোহন। স্থান: কৃষিবিদ ইনস্টিটিউশন, ঢাকা

কোন ট্যাক্স নির্ধারনের হার উল্লেখ নেই,গ্রাম আদালত পরিচালনার ক্ষেত্রে ৭৫০০০/-টাকার উদ্ধে বিচার কার্য সম্পন্ন করতে পারেন না ,ওয়ার্ড সভায় ৭০ থেকে ৮০ % উপস্থিতি নিশ্চিত করা সম্ভব হয় না ,হাট বাজার জল মহল গুলি ইউনিয়ন পরিষদের আওতায় ইজারার আওতায় থাকা উচিত ,ভাঙ্গন কবলিত নদীর সাথে যুক্ত ইউনিয়ন গুলি অধিকাংশ পেশার মানুষ জেলে তাই জেলেদের জন্য মাছধরা বন্ধকালিন সময়ে প্রকৃতজেলেদের জন্য যথাযথ চালের বরাদ্ধ রাখা উচিত,পানি উন্নয়ন বোর্ড এর বাঁধ সংস্কার কালিন সময়ে ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয়সাধন করা জরুরি ।

সিইপিআই প্রকল্পের প্রকাশনা
জানুয়ারি ২০২২ ॥ সংখ্যা-৩৩
চতুর্থ বছর

AaKvর eZ©

participates in survival strategies of coastal poor
COAST Foundation

২নং ইলিশা ইউনিয়নে নিরাপদ সুপেয় পানি বিষয়ক সংলাপের ফলে নলকূপ মেকানিক এর সেবার দ্বার উন্মুক্ত হলো

ভোলা সদর উপজেলার ২নং ইলিশা ইউনিয়নে কোস্ট ফাউন্ডেশন "জন প্রতিষ্ঠান সমুহে নাগরিকদের অংশগ্রহণ" প্রকল্পের মাধ্যমে ইউনিয়নে নাগরিক ফোরাম গঠন করা হয়। নাগরিক ফোরামএর মাধ্যমে ইউনিয়নে সামাজিক পর্যবেক্ষন করা হয় ।পর্যবেক্ষনে স্থানীয় জনগন গভীর নলকুপের সংস্কার বিষয়ে নজরদেন,গভীর নলকুপের সংস্কারের অভাবে অকেজো হচ্ছে গভীর নলকুপ, স্থানীয় জনসাধারন এ বিষয়ে সিমাহীন

নাগরিক সংলাপ- নিরাপদ সুপেয় পানি সেবা বিষয়ক, ২নং ইলিশা ইউনিয়ন পরিষদ। ছবি: সোহাগ হোসেন- প্রকল্প সহায়তাকারী

কস্টের মধ্যে পড়তে হচ্ছে কিন্তু নাগরিক ফোরামের আয়োজনে ইউনিয়নে সেবা গ্রহিতা ও সেবা প্রদান কারির সেবার মান উন্নয়নে ২৮ ডিসেম্বর ২১ সংলাপ অনুষ্ঠিত হয় ।এ সংলাপের ফলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নলকুপ মেকানিক্স ইকবাল হোসেন ইউনিয়নের পর্যায়ক্রমে সকল অচল গভীর নলকর্প সচলকরার জন্য কাজ করবেন ।তারই প্রেক্ষিতে ইউনিয়নের ৬নং ওয়ার্ডের মোঃহোসেন মাস্টার বাড়িতে গভীর নলকুপ সংস্কারে কাজ করবেন ।নাগরিক ফোরাম প্রতিনিধিগণ বলেন আমরা আশা করছি এর মাধ্যমে আমরা ইউনিয়নে সরকারি দায়িত্বপ্রাপ্ত সেবাদান কারিদের সাথে সেবা বঞ্চিত জনগনকে যুক্তকরা সম্ভব হচ্ছে, সেবার মান বৃদ্ধি পাচ্ছে ।

ভেদুরিয়া ইউনিয়ন পরিষদে ইউপি চেয়ারম্যান এর উদ্যোগের ফলে উপ-সহকারি কৃষি অফিসারগণ ইউপি অফিসে বসে সেবা প্রদান করছেন

ভোলা সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়ন পরিষদে উপসহকারি কৃষি কর্মকর্তাদের জন্য নির্ধারিত অফিস কক্ষ থাকলে তারা কখন সেখানে বসে পরামর্শ সেবা প্রদান করতেন না। বিষয়টি ওয়ার্ড পর্যায়ে জনপ্রতিষ্ঠান সমুহে নাগরিকদের অংশগ্রহণ প্রকল্পের নাগরিক ফোরাম সদস্যগন কৃষকদের নিকট হতে আলোচনার ভিত্তিতে কমিটির ত্রৈমাসিক সভায় আলোচনা করে সেখানে কৃষি সেবার সন্তুস্টি নিয়ে আলোচনা হয় । বিষয়টি পরবর্তীতে ইউনিয়ন নাগরিক ফোরামের সভায় আলোচনার ভিত্তিতে ইউনিয়ন পরিষদের দ্বি-মাসিক উন্নয়ন সমন্বয় সভায় নাগরিক ফোরামের দাবীর প্রেক্ষিতে ভেদুরিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম তার ইউনিয়নে দায়িত্বরত উপসহকারি কৃষি কর্মকর্তা জনাব মোঃমাসুম বিল্লাকে সপ্তাহের ৫দিন ইউনিয়ন পরিষদের নির্ধারিত অফিস কক্ষে বসে পরামর্শ সেবার দেয়ার নির্দেশনা প্রদান করে। এর পরিপ্রেক্ষিতে বর্তমানে উপসহকারি কৃষি কর্মকর্তা জনাব মোঃ মাসম বিল্লাহ যথানিয়মে ইউনিয়ন পরিষদের নির্ধারিত অফিস কক্ষে বসে পরামর্শ সেবা দিচ্ছেন । এবং কৃষকগণ উপসহকারি কৃষি অফিসার ও

ভেদুরিয়া ইউনিয়নে উপ-সহকারি কৃষি কর্মকর্তাগণ এভাবে নিয়মিত সেবা প্রদান করছেন। ছবি: রাজিব ঘোষ- প্রকল্প কর্মকর্তা

মাধ্যমে সেবা পাচ্ছেন ।এলাকায় যে সকল প্রদশর্নীকরা হচ্ছে তা দেখে অন্য কৃষকগণ উৎসাহ পাচ্ছেন তারা ও যেন নিজেদের উদ্যেগে প্রদশর্নীর ব্যবস্থাকরতে পারেন ।

প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন: লক্ষ্য ও অর্জন, ডিসেম্বর ২০২১

ক্রম	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	ইউনিয়ন ওয়েব পোটাল আপডেট	১৪	১৪
২	ইউনিয়ন ও ওয়ার্ড ফোরাম ফরমেশন	৩০	২৮
৩	ইউনিয়ন নাগরিক কমিটির সভা	১৪	১২
৪	ইউনিয়ন দ্বি-মাসিক উন্নয়ন সমন্বয় সভা	৬	৪
৫	ওয়ার্ড সচেতনেতা মুলক সভা	৩৯	৩৬
৬	নিরাপদ পানি, ভিজিডি ও বিধবা বিষয়ক সোস্যাল অডিট	২৬	২৬
৭	নিরাপদ পানি বিষয়ক ইউনিয়ন সংলাপ	১৪	১৪
৮	ট্যাক্স সংলাপ- পরিকল্পনা সভা	১১	৮
৯	ইউনিয়ন পরিষদের শাসন সামর্থ ও কর্ম-সম্পাদন যোগ্যতা নিরুপন	২২	২২
১০	সেবা প্রক্রিয়া সহজিকরন ওরিয়েন্টেশন	৩	৩
১১	সোস্যাল একাউন্টটেবিলিটি টুলস ইমপেলিমেনটেশন ওয়ার্কসপ	২	২
১২	জেলা পর্যায়ে সংলাপ- সামাজিক নিরাপত্তা ও কৃষি সেবা বিষয়ক	২	২
১৩	ভিডিও ডকুমেন্টারি	১	১

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সিইপিআই প্রকল্পের সকল সহকর্মী সহযোগিতা করেছেন।

বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য:
মোবাইল: +৮৮০ ১৭০৮ ১২ ০৪ ০৭ / +৮৮০ ১৭০৮ ১২ ০৪ ১৪
ইমেইল: fazlu@coastbd.net / monir@coastbd.net
কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, সার্কিট হাউজ রোড, সার্কিট হাউজ এর বিপরীত পাশে, চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত।
কোস্ট ওয়েবসাইট ভিজিট : www.coastbd.net